

বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, ঢাকা।  
বিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২

সার্কুলার লেটার নং- ০৬/২০১৫

তারিখ : ০৩-১১-২০১৫ ইং

বিষয় : বাণিজ্যিক অডিট অধিদপ্তরের আপত্তির প্রেক্ষিতে সরকারি সিদ্ধান্ত : লিয়েনকৃত এফডিআর এর সুদ দ্বারা অবসরগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের গৃহনির্মাণ অগ্রিম সমন্বয়ের প্রচলিত সুবিধা বাতিল।

সূত্র : অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২৩.০১.২০১৩ তারিখের পত্র নং ৫৩.০০৬.০০১.০০.০৯.১০৩.২০১২/৫৩।

সরকার/রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা/কর্মচারীগণকে প্রদত্ত বিভিন্ন আর্থিক সুবিধাদির বিষয়ে বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক উত্থাপিত বিভিন্ন আপত্তির প্রেক্ষিতে বিগত ০৫.১২.২০১২ তারিখে অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় বৈঠকের অন্যতম একটি সিদ্ধান্ত (সূত্রোক্ত পত্রের মাধ্যমে জ্ঞাপনকৃত) নিম্নরূপ ছিল :

“অবসরগ্রহণকারী/PRL এ গমনকারী কর্মকর্তা/কর্মচারীগণের অনুকূলে বরাদ্দকৃত গৃহনির্মাণ ঋণ আদায়ের লক্ষ্যে সঞ্চয়পত্র/স্থায়ী আমানত ভাঙ্গিয়ে আপত্তিকৃত অর্থ আদায়/সমন্বয় করতে হবে।”


০২। উল্লেখ্য, বিকেবি, প্রশাসন পরিপত্র নং ১২/২০১০, তারিখ: ১৪.১০.২০১০ এবং প্রশাসন পরিপত্র নং ০৬/২০১২, তারিখ: ১৩.০৩.২০১২ এর সংশ্লিষ্ট বিধানাবলী মোতাবেক অত্র ব্যাংকের অবসরগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীগণের নিকট থেকে নির্ধারিত অংকের এফডিআর লিয়েন রেখে তার সুদের দ্বারা কর্মকর্তা/কর্মচারীর গৃহনির্মাণ অগ্রিম সমন্বয়ের সুবিধা প্রবর্তন করা হয়। এক্ষেপে উপর্যুক্ত সরকারি সিদ্ধান্তের প্রেক্ষিতে ব্যাংকের সংশ্লিষ্ট সকল মহলের অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

(ক) ব্যাংকের অবসরগ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে নির্ধারিত অংকের এফডিআর লিয়েন রেখে তার সুদের দ্বারা কর্মকর্তা/কর্মচারীর গৃহনির্মাণ অগ্রিম সমন্বয়ের প্রচলিত বিধান বাতিল করা হলো।

(খ) ইতোমধ্যে উক্তরূপ লিয়েনকৃত সকল এফডিআর নগদায়ন করে সংশ্লিষ্ট ঋণ হিসাবের বিপরীতে সমন্বয় করতে হবে। এরূপ সমন্বয়ের পর সংশ্লিষ্ট অগ্রিম-হিসাবের অসমবিত অংশ (যদি থাকে) ঋণ আদায়ের প্রয়োজ্য স্বাভাবিক পদ্ধতি অবলম্বনে আদায় করতে হবে। তাতে সফল না হলে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে-


  
(এ. আর. মামুন)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫৫৬৯১১

তারিখ : ০৩-১১-২০১৫ খ্রিঃ

নং-প্রকা/এইচআরএমডি-২/১৬(১)/২০১৫-২০১৬/ ৯৭৯(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপকের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক/ অধ্যক্ষ, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (সার্কুলার লেটারখানা ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক (স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
- ০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ০৯। নথি/মহানথি।

  
(মোঃ মিজানুর রহমান)  
সহকারী মহাব্যবস্থাপক  
ফোন: ৯৫১৪৬৯২